গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা- ৮

স্মারক নং- ১০.০০.০০০০.১৩২.০৬.০০৬.১৩.৩৭৩ তারিখ- ১৯/০৬/২০১৮খ্রিঃ।

পরিপত্র

বিষয়ঃ এই মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৮-২০১৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে 'সোনার বাংলা গড়ার প্রত্যয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। এ কৌশলের মূল লক্ষ্য হলো শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। সুখি-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে প্রণীত কৌশলে শুদ্ধাচারকে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ এবং কোন সমাজের কালোত্তীর্ণ মানদন্ড, প্রথা ও নীতির প্রতি আনুগত্য হিসেবে উল্লেখ করা হয়েছে। এ কৌশলে রাষ্ট্র ও সমাজে শুদ্ধাচার প্রতিষ্ঠা সরকারের সাংবিধানিক ও আইনগত দায়িত্ব। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ে বিভাগীয়, আঞ্চলিক জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয়সমূহের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ, শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৮-২০১৯ শীর্ষক ৩টি পৃথক নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রণীত নির্দেশিকাসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় নির্দেশিকা, অনুসরণীয় পদ্ধতি এবং গৃহীত কার্যক্রম বাস্তবায়নের সময়সূচি অন্তর্ভুক্ত রয়েছে। এ নির্দেশিকা অনুসরণে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ প্রস্তুত করার নিমিত্ত নির্দেশনা প্রদান করা হয়েছে। তাই মন্ত্রিপরিষদ বিভাগের বর্ণিত নির্দেশনা মতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগের আওতাধীন তাঁর অধিদপ্তর/সংস্থা সমূহকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।

০২। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কাজেই তাঁর অধিদপ্তর/সংস্থা সমূহে ইতিমধ্যে নৈতিকতা কমিটি গঠন করা না হলে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ প্রণয়ন ও বাস্তবায়ন এর লক্ষ্যে তাঁর অধিদপ্তর/সংস্থাকে ১টি নৈতিকতা কমিটি গঠন করতে হবে। অধিদপ্তর/সংস্থার কার্যালয়সমূহের নৈতিকতা কমিটির গঠন ও কার্যপরিধি হবে নিম্নরূপঃ

(ক) কমিটি গঠন/কাঠামোঃ

অধিদপ্তর/সংস্থাপ্রধান-কে আহবায়ক করে এবং অধিদপ্তর/সংস্থাপ্রধান এর অব্যবহিত পরের পদে কর্মরত কর্মকর্তাদের মধ্য থেকে ৩/৫ জন কর্মকর্তা/কর্মচারীকে অন্তর্ভুক্ত করে নৈতিকতা কমিটি গঠন করতে হবে। এ কমিটির সদস্য-সচিব হিসাবে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট দায়িত্ব পালন করবেন। উল্লেখ্য যে, বর্ণিত কার্যক্রম পরিচালনার জন্য তাঁর অধিদপ্তরের একজন কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট হিসেবে মনোনিত করতে হবে।

(খ) কার্যপরিধিঃ

(১) সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থার কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ:

(২) পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;

(৩) কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ এবং

(৪) উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

০৩। তাঁর অধিদপ্তরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৮-২০১৯ এইসঙ্গে সংযুক্ত করা হল। সংযুক্ত নির্দেশিকা অনুসরণে ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রস্তুতপূর্বক খসড়ার ৫ কপি আগামী ২৫ জুন ২০১৮খ্রিঃ তারিখের মধ্যে এই কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। এতদ্বিষয়ে অত্র কার্যালয় হতে তাঁর অধিদপ্তর/সংস্থাসমূহকে সার্বিক সহায়তা করা হবে। জাতীয় শুদ্ধাচার কৌশল আদালত সমূহেও বাস্তবায়ন করা আবশ্যক। এ লক্ষ্যে এ বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহের সমন্বয়ে একটি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন কমিটি গঠন করা আবশ্যক। এ কমিটি জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নের উপায় বের করবে এবং এ বিষয়ে আদালত সমূহকে সরকারের শুদ্ধাচার কৌশল বিষয়ে অবহিতকরণ ও প্রশিক্ষিতকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে। এ বিভাগ ও তাঁর অধিদপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৮-২০১৯ প্রণয়নের নিমিত্ত এবং উল্লেখিত বিষয়ে কমিটি গঠন ও পরবর্তী করণীয় বিষয়ে আগামী ২১/০৬/২০১৮খ্রিঃ তারিখ সকাল ১১:০০ টায় এই মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং- ৭২৬) একটি কর্মশালা অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় তাঁর অধিদপ্তর/সংস্থার ফোকাল পয়েন্টকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। উল্লেখ্য, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৮-২০১৯ এর সফটকপি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট (www.cabinet.gov.bd) এ আপলোড করা হয়েছে।

১৯/৬/২০১৮
(মোঃ মোস্তাফিজুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫২২২ (অ:)
ই-মেইল: section8.justice@gmail.com

বিতরণ ঃ

কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫ কলেজ রোড, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫ কলেজ রোড, ঢাকা।
৪। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।

জ্ঞাতার্থে ঃ

১.সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।